



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



জরুরি  
গোপনীয়

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০১৭.২২.৪১৯

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: পিরোজপুর জেলার সাফা ডিগ্রি কলেজের সহকারী গ্রন্থাগারিক (সহকারী শিক্ষক, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) পদে নিয়োগ প্রাপ্ত জনাব মার্জিয়া আক্তারকে এমপিওভুক্তিকরণ

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর স্মারক নং-মাউশি/বরি/২০২২/৪১৬, তারিখ: ১৩/০৬/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার সাফা ডিগ্রি কলেজের সহকারী গ্রন্থাগারিক (সহকারী শিক্ষক, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) পদে নিয়োগ প্রাপ্ত জনাব মার্জিয়া আক্তারকে এমপিওভুক্তির বিষয়ে হার্ডকপিতে আবেদন করেছেন।

আবেদনের বর্ণনা: পিরোজপুর জেলার সাফা ডিগ্রি কলেজের সহকারী গ্রন্থাগারিক (সহকারী শিক্ষক, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) পদে নিয়োগ প্রাপ্ত জনাব মার্জিয়া আক্তার এর নিয়োগ প্রক্রিয়া নিম্নরূপ: পত্রিকা বিজ্ঞপ্তি-২১/০২/২০২১খ্রি. তারিখে দৈনিক যুগান্তর ও ২৩/০২/২০২১খ্রি. তারিখে দৈনিক ভোরের অঙ্গীকার, নিয়োগ পরীক্ষা- ১২/০৪/২০২১খ্রি., নিয়োগপত্র-১৫/০৪/২০২১খ্রি. এবং যোগদানপত্র ১৮/০৪/২০২১খ্রি.। উক্ত পদের নিয়োগ বিজ্ঞপ্তি জনবল কাঠামো-২০১৮ অনুযায়ী এবং নিয়োগ ও যোগদান এমপিও ও জনবল কাঠামো ২০২১ জারির পর।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২; তারিখ-৩১ মে, ২০২১ মোতাবেক আদেশের ২.০ অনুচ্ছেদে বলা আছে “১৭তম শিক্ষক নিবন্ধন পরীক্ষার অংশ হিসেবে এ দুটি পদে আনটিআরসিএ সিলেবাস প্রণয়নসহ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করবে। তবে এ আদেশ জারির আগে যাঁদের নিয়োগ পরীক্ষা সম্পন্নসহ ফলাফল প্রকাশ করে প্রার্থী চূড়ান্ত করা হয়েছে তাঁরা যথাযথ প্রক্রিয়ায় পূর্বের নিয়মে এমপিওভুক্ত হতে পারবেন।”

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০১৯.১৬২; তারিখ-৩১ মে, ২০২১ পত্রের নির্দেশনার প্রেক্ষিতে উল্লিখিত সহকারী গ্রন্থাগারিক জনাব মার্জিয়া আক্তারকে বিধি মোতাবেক এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৯-২০২২

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

পরিচালক

পরিচালকের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল

ফোন: +88-02-223351057


ইমেইল: dg@dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২২.০১৭.২২.৪১৯/১(৩)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯  
০৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, গভর্নিংবডি, সাফা ডিগ্রি কলেজ, পিরোজপুর।
- ২) অধ্যক্ষ, সাফা ডিগ্রি কলেজ, পিরোজপুর।
- ৩) সংরক্ষণ নথি।



৪-৯-২০২২

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক